দৈনিক খবর

ড কুমেন্টেশন কেন্দ্র

135

25 JUL 1994

পৃষ্ঠা 5 8

## ফরিদাবাদ উচ্চ বিদ্যালয়ের সমস্যা

পুরাতন ঢাকার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ফরিদাবাদ উচ্চ বিদ্যালয় প্রশাসনিক অযোগ্যতা এবং নানাবিধ সমস্যার কারণে আজ ধ্বংসের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। ২০/২৫ বছরের পুরাতন বিদ্যালয়টির প্রশাসনিক দায়িত্বভার উপযুক্ত, নিষ্ঠাবান ও পরিশ্রমী লোকের হাতে পড়েনি। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি আছে বটে কিন্তু নির্বাচনের মাধ্যমে কমিটি গঠিত হয়নি। তাই সামগ্রিক ব্যবস্থাপনায় উন্নতি ও সুশৃঙ্খল অবস্থা ফিরিয়ে আনার ব্যাপারে উদ্যোগী কেউই হচ্ছে না। বিদ্যালয়ে প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রী আছে। কিন্তু শ্রেণীকক্ষের অভাবে ছাত্র-ছাত্রীদেরকে গাদাগাদী করে ক্লাস করতে হয়। বিদ্যালয়ে নেই কোন মিলনায়তন। ছাত্রীদের কোন কমনরুমের ব্যবস্থাও নেই। মোটকথা বিদ্যালয়টিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নেই, নেই কোন শৃঙ্খলা। বিদ্যালয়টি দুই শিফটে পরিচালিত। বিদ্যালয়ে শিক্ষক এবং শিক্ষায়িত্রীর সংখ্যাও অপর্যাপ্ত। বিদ্যালয়ের আঙ্গিনার মধ্যে ১৩/১৪টি দোকান ভাড়া রয়েছে। উক্ত দোকানের ভাড়া এবং বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বেতনের টাকা ঠিকমত বিদ্যালয়ের ফাণ্ডে জমা হচ্ছে না। বিদ্যালয়ের টাকার সঠিক হিসেব-পত্র নেই। তাই শিক্ষা মন্ত্রণালয় বিদ্যালয়ে অডিট টীম প্রেরণ করে, হিসাব-নিকাশের খাতা তদন্ত করে এবং বিদ্যালয়টিকে একটি আদর্শ ও সরকারী বিদ্যালয়ে রূপান্তরিত করার ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে সচেষ্ট হবেন— এ আবেদন জানাচ্ছি।

মাহবুব উদ্দিন চৌধুরী
সভাপতি, ইন্টারন্যাশনাল পেন-পলস্ ক্লাব
ফরিদাবাদ, ঢাকা-১২০৪।